# সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ [আগষ্ট ২৪, ২০২১ পর্যন্ত হালনাগাদকৃত]


**বাংলাদেশ গেজেট**

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

---

**বুধবার, নভেম্বর ২৯, ২০০০**

---


**৮ম খন্ড-- বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।**

**সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ই কার্তিক, ১৪০৭/৩০শে অক্টোবর, ২০০০।

নং-এসইসি/রেজিঃ/প্রঃ/স্টক ডিঃ ও ব্রোঃ/২০০০/৭৫৪-- সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫নং আইন) এর ধারা ২৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, পূর্ব প্রকাশের পর, নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিল ঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম**। এই বিধিমালা [১][সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০] নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।- [২][(১)] বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

[৩][(ক) অনুমোদিত প্রতিনিধি অর্থ এমন কোন ব্যক্তি যিনি কোন স্টক-ডিলার বা স্টক-ব্রোকারের প্রতিনিধি হিসাবে এই বিধিমালা অনুসারে সিকিউরিটি ক্রয়-বিক্রয় ও এতদসংক্রান্ত কার্যাদি সম্পাদন করার জন্য কমিশন কর্তৃক নিবন্ধন সনদ প্রাপ্ত হইয়াছেন।]।

(খ) “অধ্যাদেশ” অর্থ Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969);

(গ) “আইন” অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন);

(ঘ) “আর্থিক হিসাব বিবরণী” বলিতে ব্যালান্স শীট, লাভ-লোকসান হিসাব বা আয়-ব্যয় বিবরণী, ক্যাশ প্রবাহ বিবরণী, ইক্যুইটি পরিবর্তন বিবরণী এবং হিসাব সংক্রান্ত নোটও বুঝাইবে;

(ঙ) “তফসিল” অর্থ এই বিধিমালার কোন তফসিল;

(চ) “নিবন্ধন সনদ” অর্থ আইনের ধারা ১০ এ উল্লেখিত কোন নিবন্ধিকরণ সনদ, যাহা এই বিধিমালা অনুসারে প্রদান করা হয়;

(ছ) “ফরম” অর্থ প্রথম তফসিল-এ বিধৃত কোন ফরম;

---

[১] প্রজ্ঞাপন নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০১-০০২/প্রশাসন/০১-৩৭ তারিখ ২৩ ফেব্রুয়ারি, ২০০৯ এর দ্বারা ”ষ্টক ডিলার ও ষ্টক ব্রোকার” শব্দগুলি ”স্টক ডিলার ও স্টক ব্রোকার শব্দগুলি” দ্বারা আইনের সর্বত্র প্রতিস্থাপিত হইয়াছে।

[২] বাংলাদেশে গেজেটে ১৩ই এপ্রিল, ২০০৫ইং তারিখে প্রকাশিত প্রজ্ঞাপন নং -এসইসি/সিএমআরসিডি/ ২০০১-০০২/৩৬৬/প্রশাসন/০১-২৪ তারিখ ২রা নভেম্বর ২০০৪ইং এর মাধ্যমে সন্নিবেশিত হইয়াছে।

[৩] প্রজ্ঞাপন নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০১-০০২/প্রশাসন/০১-৩৭ তারিখ ২৩ ফেব্রুয়ারি, ২০০৯ এর দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে।

(জ) "ব্যক্তি" বলিতে কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাও বুঝাইবে;

(ঝ) "স্টক-ডিলার" অর্থ এমন কোন ব্যক্তি যিনি নিজের জন্য সিকিউরিটি ক্রয় ও বিক্রয় করিয়া থাকেন;

(ঞ) "স্টক-ব্রোকার" অর্থ এমন কোন ব্যক্তি যিনি অন্য কাহারো পক্ষে সিকিউরিটি ক্রয় ও বিক্রয় করিয়া থাকেন।

[১][(২) এই বিধিমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তির (expression) সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969), ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন), সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন), আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন), কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন), ডিপজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন) এবং উহাদের অধীন জারিকৃত কোন বিধিমালা বা প্রবিধানমালায় যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।]

[২][২ক। **আদেশ বা নির্দেশ পরিপালন।**-এই বিধিমালায় উল্লিখিত পরিপালনীয় বিধানসমূহ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ মোতাবেক প্রদত্ত নির্দেশ বা আদেশ পরিপালন হিসাবে গণ্য হইবেঃ

শর্ত থাকে যে, কমিশন, এই বিধিমালার অধীন সময় সময় অন্য কোন আদেশ বা নির্দেশও জারী করিতে পারিবে।]

৩। **নিবন্ধন সনদ ব্যতীত সিকিউরিটি ক্রয়-বিক্রয় ইত্যাদি নিষিদ্ধ।**- বিধি ২১ ও ২২ এর বিধান সাপেক্ষে, কোন স্টক ডিলার, স্টক-ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি এই বিধিমালার অধীন প্রদত্ত ও বলবৎ নিবন্ধন সনদ ব্যতীত কোন সিকিউরিটি ক্রয়-বিক্রয় ও এতদসংক্রান্ত কার্যাদি করিতে পারিবেন না।

৪। **নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্যতা।**- (১) কোন ব্যক্তি স্টক ডিলার বা স্টক ব্রোকার হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্য হইবে না, যদি -

(ক) উহা কোন স্টক এক্সচেঞ্জের সদস্য না হয়;

(খ) উহা কোন মার্চেন্ট ব্যাংকার, পোর্টফোলিও ম্যানেজার, মিউচুয়াল ফান্ডের ট্রাস্টি, হেফাজতকারী কিংবা সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী হয়;

[৩][(গ) উহা কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থা না হয়, এবং উহার নগদে পরিশোধিত মূলধন ন্যূনতম পঁচিশ লক্ষ টাকা না হয়ঃ

**তবে শর্ত থাকে যে,-**

(অ) উহা যদি একাধিক স্টক এক্সচেঞ্জের সদস্য হয় তাহা হইলে উহার ক্ষেত্রে উক্ত ন্যূনতম পরিশোধিত মূলধনের পরিমাণ উহার সদস্য সংখ্যার গুণীতক হইতে হইবে; এবং

(আ) উহার পরিশোধিত মূলধনের অন্ততঃ অর্ধেক সার্বক্ষণিক নীট সম্পদ (net worth) হিসাবে থাকিতে হইবে;

আরও শর্ত থাকে যে, এই সংশোধনীসমূহ গেজেট বিজ্ঞপ্তিতে প্রকাশনার তারিখে যে সকল স্টক ডিলার বা স্টক ব্রোকার কার্যকর রেজিস্ট্রেশন সনদমূলে কর্মরত আছেন তাহাদেরকে উক্ত তারিখের এক বছরের মধ্যে উক্ত যোগ্যতা অর্জন ও শর্তদ্বয় পূরণ করিতে হইবে।]

(ঘ) উহা বা উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে দন্ডিত হয়;

(ঙ) উহা বা উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য আদালত কর্তৃক দেউলিয়া বা বিকারগ্রস্ত বলিয়া ঘোষিত হয়;

[১][(ঙঙ) উহা বা উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য বাংলাদেশ ব্যাংকের Credit Information Bureau (CIB) প্রদত্ত প্রতিবেদন মোতাবেক ঋণ খেলাপী বলিয়া চিহ্নিত হয়;]

---

[১] বাংলাদেশে গেজেটে ১৩ই এপ্রিল, ২০০৫ইং তারিখে প্রকাশিত প্রজ্ঞাপন নং -এসইসি/সিএমআরসিডি/ ২০০১-০০২/ ৩৬৬/প্রশাসন/০১-২৪ তারিখ ২রা নভেম্বর ২০০৪ইং এর মাধ্যমে সন্নিবেশিত হইয়াছে।

[২] প্রজ্ঞাপন নং- এসইসি/সিএমআরআরসিডি/২০০১-০০২/প্রশাসন/০৩-১৭ তারিখ ৯ জানুয়ারি, ২০০৬ ইং এর দ্বারা সন্নিবেশিত হয়াছে, যাহা এপ্রিল ৫, ২০০৬ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[৩] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০১-০২/প্রশাসন-১৪, তারিখ ১২ই মে ২০০২ এর মাধ্যমে প্রতিস্থাপিত হইয়াছে যাহা জুন ০৪, ২০০২ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[১][(চ) উহা বা উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য বিগত তিন বৎসরের মধ্যে নিবন্ধন সনদ বাতিলকৃত কোন স্টক ডিলার বা স্টক ব্রোকার এর সহিত সংশ্লিষ্ট থাকেন বা উক্ত স্টক ডিলার বা স্টক ব্রোকার কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থা হইলে উহার পরিচালকমন্ডলীর সদস্য হন;];

[৩][(ছ) উহা, সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের অনুমোদন সাপেক্ষে, উহার প্রধান নির্বাহী বা পরিচালক মন্ডলীর কোন সদস্যকে তদারকী কর্তৃপক্ষ (compliance authority), হিসাবে নিয়োগদান না করে ঃ

শর্ত থাকে যে, তদারকী কর্তৃপক্ষ (compliance authority) স্টক এক্সচেঞ্জ কর্তৃক নির্ধারিত সময় ও পদ্ধতিতে, নিয়োগকারী কর্তৃপক্ষ ও উক্ত স্টক এক্সচেঞ্জ, এবং প্রয়োজনে কমিশন এর নিকট উহার দৈনন্দিন কর্মকান্ডের তদারকী (complianc) সংক্রান্ত প্রতিবেদন দাখিল করিবেন ।]

[৪][আরও শর্ত থাকে যে, তদারকী কর্মকর্তাকে অবশ্যই ন্যূনতম স্নাতক ডিগ্রীধারী হইতে হইবে এবং কমিশন প্রয়োজন মনে করিলে সময় সময় এ বিষয়ে যে কোন শর্ত আরোপ করিতে পারিবে ।]

(২) কোন ব্যক্তি অনুমোদিত প্রতিনিধি হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্য হইবেন না, যদি তিনি-

(ক) একুশ বৎসরের কম বয়স্ক হন;

(খ) উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতার অধিকারী না হন;

(গ) সিকিউরিটি বিষয়ে কমিশন কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচী বা তৎকর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সিকিউরিটি ক্রয়-বিক্রয় ও এতদসংক্রান্ত কার্যাদি সম্পাদন বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত না হন, অথবা কমিশন কর্তৃক জারীকৃত আদেশ দ্বারা নির্ধারিত মেয়াদের অভিজ্ঞতা সম্পন্ন না হন;

[৫][(ঘ)]

(ঙ) জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে দন্ডিত হন; অথবা

(চ) কমিশন বা কোন স্টক এক্সচেঞ্জ কর্তৃক প্রদত্ত কোন প্রকার শাস্তি পাইয়া থাকেন।

[৬][(৩)]

[৭][(৪) কোন অনুমোদিত প্রতিনিধি কোন স্টক-ডিলার বা স্টক- ব্রোকারের সহিত সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ কর্তৃক নির্ধারিত ও কমিশন কর্তৃক অনুমোদিত চুক্তিপত্র সম্পাদন করিয়া উক্ত স্টক-ডিলার বা স্টক-ব্রোকারের নিয়োগপ্রাপ্ত প্রতিনিধি হিসাবে কাজ করিতে পারিবেন ।]।

৫। **নিবন্ধন সনদের জন্য দরখাস্ত দাখিল, বিবেচনা ইত্যাদি** ।- (১) নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত ফরমে ও ফিস প্রদানে দরখাস্ত দাখিল করিতে হইবে, যথাঃ-

(ক) স্টক ডিলার বা স্টক ব্রোকারের ক্ষেত্রে, ফরম ক-তে এবং [৮][দুই লক্ষ টাকা] ফিস প্রদানে;

(খ) অনুমোদিত প্রতিনিধির ক্ষেত্রে, ফরম খ-তে এবং [৯][পাঁচ হাজার টাকা] ফিস প্রদানে।

---

[১] বাংলাদেশে গেজেটে ১৩ই এপ্রিল, ২০০৫ইং তারিখে প্রকাশিত প্রজ্ঞাপন নং-এসইসি/সিএমআরসিডি/২০০১-০০২/৩৬৬/প্রশাসন/০১-২৪ তারিখ ২রা নভেম্বর ২০০৪ইং এর মাধ্যমে সন্নিবেশিত হইয়াছে;

[২] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০১-০২/প্রশাসন-১৪, তারিখ ১২ই মে ২০০২ এর মাধ্যমে প্রতিস্থাপিত হইয়াছে যাহা জুন ০৪, ২০০২ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে;

[৩] প্রজ্ঞাপন নং- এসইসি/সিএমআরআরসিডি/২০০১-০০২/প্রশাসন/০৩-১৭ তারিখ ৯ জানুয়ারি, ২০০৬ ইং এর দ্বারা সন্নিবেশিত হয়াছে, যাহা বাংলাদেশ গেজেটে এপ্রিল ৫, ২০০৬ইং তারিখে প্রকাশিত হইয়াছে।

[৪] নোটিলিকেশন নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০১-০০২/০৩-১৭ তারিখ ৯ জানুয়ারি ২০০৬ এর দ্বারা সংযুক্ত হইয়াছে যাহা এপ্রিল ৫, ২০০৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[৫] প্রজ্ঞাপন নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০১-০০২/প্রশাসন/০১-৩৭ তারিখ ২৩ ফেব্রুয়ারি, ২০০৯ এর দ্বারা বিলুপ্ত হইয়াছে হইয়াছে।

[৬] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৬/১৫৯/প্রশাসন/০৩/২৭ তারিখ, ২৩ জুলাই, ২০০৭ এর দ্বারা বিলুপ্ত হইয়াছে, যাহা ২২শে অক্টোবর ২০০৭ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত নোটিফিকেশন দ্বারা বিলুপ্ত হইয়াছে।

[৭] প্রজ্ঞাপন নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০১-০০২/প্রশাসন/০১-৩৭ তারিখ ২৩ ফেব্রুয়ারি, ২০০৯ এর দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে।

[৮] প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৪/প্রশাসন/১২৪, তারিখ, ৩০ জুন ২০২১ ইং এর দ্বারা "বিশ হাজার টাকা" শব্দগুলি "দুই লক্ষ টাকা" স্বারা প্রতিস্থাপিত হইয়াছে, যাহা আগস্ট ২৪, ২০২১ ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[৯] প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৪/প্রশাসন/১২৪, তারিখ, ৩০ জুন ২০২১ ইং এর দ্বারা "এক হাজার টাকা" শব্দগুলি "পাঁচ হাজার টাকা" শব্দগুলি স্বারা প্রতিস্থাপিত হইয়াছে, যাহা আগস্ট ২৪, ২০২১ ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

(২) উপ-বিধি (১) এ নির্দিষ্ট ফিস কমিশন বরাবরে একটি ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হইবে।

[1][(৩) স্টক ডিলার, স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধির দরখাস্ত, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার, সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের সুপারিশসহ, উক্ত স্টক এক্সচেঞ্জের মাধ্যমে কমিশন অফিসে দাখিল করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ উহার সুপারিশ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট আবেদনকারী কর্তৃক দাখিলকৃত কাগজপত্রাদি ও তথ্যাদি পরীক্ষা-নিরীক্ষা পূর্বক ফরম-'চ' (অনুমোদিত প্রতিনিধির জন্যে প্রযোজ্য হইবে না) পূরণ করিয়া ফরম-'ক' এর সহিত সংযুক্ত করিয়া দিবে।

(৪) দরখাস্তকারীর ফরমে উল্লেখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র এবং কমিশন কর্তৃক নির্দেশিত হইলে অতিরিক্ত তথ্যাদি এবং কাগজ পত্র উক্ত নির্দেশ মোতাবেক দাখিল করিতে হইবে।

(৫) দরখাস্ত সম্পর্কে সন্তুষ্ট হইলে দরখাস্ত সংক্রান্ত প্রয়োজনীয় যাবতীয় তথ্য প্রাপ্তির অনধিক পঁয়তাল্লিশ দিনের মধ্যে কমিশন উক্ত দরখাস্ত মঞ্জুর করিয়া ফরম গ-তে নিবন্ধন সনদ প্রদান করিবে, অন্যথায় উক্ত সময়ের মধ্যে লিখিত কারণ উল্লেখপূর্বক উহা নামঞ্জুর করিবে এবং উক্ত সিদ্ধান্ত দরখাস্তকারীকে জানাইয়া দিবে।

[2][(৬) কমিশন নিবন্ধন সনদ মঞ্জুর করিলে স্টক-ব্রোকার বা স্টক-ডিলার নিবন্ধন ফি বাবদ পাঁচ লক্ষ টাকা কমিশন বরাবর জমা প্রদান করিবে।]

[3][৫ক। **কতিপয় ক্ষেত্রে পরিচালক পর্ষদ গঠনজনিত কারণে আবেদন নামঞ্জুরকরণ।**- স্টক-ডিলার বা স্টক-ব্রোকার নিবন্ধন সনদের জন্য কমিশনের নিকট আবেদনকারী কোন কোম্পানী হইলে উহার আবেদন নামঞ্জুর হইবে, যদি উহার পরিচালক পর্ষদের সদস্যদের মধ্যে ৫০% এর বেশী উহার উদ্যোক্তা কোম্পানীর পরিচালক পর্ষদের সদস্য হন।।]

৬। **সদস্যপদ হস্তান্তরের ক্ষেত্রে সনদ বাতিল।**- (১) কোন স্টক ডিলার বা স্টক ব্রোকার স্টক এক্সচেঞ্জের সদস্য পদ হস্তান্তর করিতে ইচ্ছুক হইলে উহা, উহার নামে কমিশন কর্তৃক ইস্যুকৃত নিবন্ধন সনদ সদস্যপদ হস্তান্তরের আবেদনের সহিত স্টক এক্সচেঞ্জের নিকট দাখিল করিবে।

(২) 'স্টক এক্সচেঞ্জ কর্তৃক উক্ত হস্তান্তর কার্যকর হইবার দিন হইতে সংশ্লিষ্ট নিবন্ধন সনদটি বাতিল বলিয়া গণ্য হইবে এবং স্টক এক্সচেঞ্জ বাতিলকৃত নিবন্ধন সনদটি উক্ত হস্তান্তর কার্যকর হইবার দিন হইতে পরবর্তী কার্য দিবসের মধ্যে কমিশনের নিকট প্রেরণ করিবেঃ

তবে শর্ত থাকে যে, হস্তান্তর চুক্তিটিতে এই মর্মে একটি দফা সংযুক্ত থাকিবে যে, হস্তান্তরের তারিখে হস্তান্তরকারীর সিকিউরিটি লেনদেন সংশ্লিষ্ট অনিষ্পন্ন যাবতীয় দায় ও দায়িত্ব হস্তান্তর গ্রহীতার নিকট হস্তান্তরিত হইয়াছে এবং হস্তান্তর গ্রহীতাও উক্ত দলিলে এই মর্মে একটি অঙ্গীকার নামা লিপিবদ্ধ করিবে যে, উহা উক্তরূপ যাবতীয় দায় ও দায়িত্ব স্বেচ্ছায় গ্রহণ করিয়াছে এবং তাহা পালন এবং নিষ্পত্তি করিতে উহা বাধ্য থাকিবেঃ

আরও শর্ত থাকে যে, স্টক এক্সচেঞ্জ উক্তরূপ দফা এবং অঙ্গীকারনামা ব্যতীত কোন হস্তান্তর মঞ্জুর করিবে না।

[4][৭। **নিবন্ধন সনদের মেয়াদ।**- বিধি ৫ এর অধীন প্রদত্ত নিবন্ধন সনদের মেয়াদ হইবে স্টক ডিলার বা স্টক ব্রোকারের ক্ষেত্রে উহা প্রদানের তারিখ হইতে এক বৎসর এবং অনুমোদিত প্রতিনিধির ক্ষেত্রে উহা প্রদানের তারিখ হইতে পাঁচ বৎসর।]

৮। **নিবন্ধন সনদ নবায়ন।**- (১) কোন নিবন্ধন সনদ নবায়নের উদ্দেশ্যে উহার মেয়াদ পূর্তির অন্যূন ত্রিশ দিন পূর্বে সনদের মূল কপিসহ ফরম ঘ-তে দরখাস্ত করিতে হইবে এবং দরখাস্তের সহিত-

---

[1] প্রজ্ঞাপন নং-এসইসি/সিএমআরসিডি/২০০১-০০২/৩৬৬/প্রশাসন/০১-২৪ তারিখ ২রা নভেম্বর ২০০৪ইং এর মাধ্যমে প্রতিস্থাপিত হইয়াছে যাহা ১৩ই এপ্রিল, ২০০৫ইং তারিখে বাংলাদেশে গেজেটে প্রকাশিত;

[2] প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৪/প্রশাসন/১২৪, তারিখ, ৩০ জুন ২০২১ ইং এর দ্বারা সন্নিবেশিত হইয়াছে, যাহা আগস্ট ২৪, ২০২১ ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[3]। প্রজ্ঞাপন নং -এসইসি/সিএমআরসিডি/২০০১-০০২/১২৪/প্রশাসন/৩৯ তারিখ মার্চ ১১, ২০১২ইং এর মাধ্যমে প্রতিস্থাপিত হইয়াছে, যাহা এপ্রিল ১, ২০১২ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[4] প্রজ্ঞাপন নং -এসইসি/সিএমআরসিডি/২০০১-০০২/৭৪/প্রশাসন-০১/৩৫ তারিখ ১৪ আগষ্ট ২০০৮ইং এর মাধ্যমে প্রতিস্থাপিত হইয়াছে, যাহা নভেম্বর ১৮, ২০০৮ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

(ক) স্টক ডিলার বা স্টক ব্রোকারের ক্ষেত্রে, [১][পঞ্চাশ হাজার টাকার] ফিস কমিশন বরাবরে জমাকরণের ব্যাংক ড্রাফট বা পে অর্ডার দাখিল করিতে হইবে;

(খ) অনুমোদিত প্রতিনিধির ক্ষেত্রে, [২][এক হাজার টাকার] ফিস কমিশন বরাবরে জমাকরণের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ নির্ধারিত সময়ের মধ্যে দরখাস্ত দাখিল করিতে ব্যর্থ হইলে প্রতিদিনের বিলম্বের জন্য স্টক ডিলার ও স্টক ব্রোকারের ক্ষেত্রে [৩][এক হাজার টাকা] এবং অনুমোদিত প্রতিনিধির ক্ষেত্রে [৪][পাঁচশত টাকা] হিসাবে অতিরিক্ত ফিস দরখাস্তের সাথে কমিশন বরাবরে জমা করিতে হইবে:

[৫][তবে শর্ত থাকে যে, অনুমোদিত প্রতিনিধিদের ক্ষেত্রে উক্ত অতিরিক্ত ফিস এর পরিমান [৬][বিশ হাজার টাকার] বেশী হইবে না ঃ

আরও শর্ত থাকে যে, নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার পরবর্তী এক বছরের মধ্যে কোন অনুমোদিত প্রতিনিধি নিবন্ধন সনদ নবায়ন না করিলে তাহার নিবন্ধন সনদ বাতিল বলিয়া গণ্য হইবে। এইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি [৭][ত্রিশ হাজার টাকা] নিবন্ধন ফিস প্রদান ও পূর্বের সনদ জমা সহ বিধি ৫ এর অন্যান্য বিধানাবলী পরিপালন সাপেক্ষে পুনরায় নিবন্ধন সনদ লাভের জন্য আবেদন করিতে পারিবেন ।]

[৮][(৩) নিবন্ধন সনদ নবায়নের উদ্দেশ্যে দরখাস্ত ফরম এর নির্দিষ্ট অংশ সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ কর্তৃক পূরণ করাইয়া ফরমটি উক্ত স্টক এক্সচেঞ্জের মাধ্যমে কমিশন অফিসে দাখিল করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ ফরমের নির্দিষ্ট অংশ পূরণ করিবার পূর্বে আবেদনকারী কর্তৃক দাখিলকৃত কাগজপত্রাদি ও তথ্যাদি পরীক্ষা-নিরীক্ষা পূর্বক ফরম-'ছ' পূরণ করিয়া ফরম 'ঘ' এর সহিত সংযুক্ত করিয়া দিবে।]

[৯][(৪) নবায়নের দরখাস্ত এই বিধিমালা অনুযায়ী যথাযথভাবে পেশ করা হইলে কমিশন নিবন্ধন সনদের সংশ্লিষ্ট ছকে উহার সর্বশেষ মেয়াদ স্টক ডিলার বা স্টক ব্রোকারের ক্ষেত্রে পরবর্তী এক বৎসর এবং অনুমোদিত প্রতিনিধির ক্ষেত্রে পরবর্তী পাঁচ বৎসরের জন্য নবায়ন করিবে।]

---

[১] প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৪/প্রশাসন/১২৪, তারিখ, ৩০ জুন ২০২১ ইং এর দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে, যাহা আগস্ট ২৪, ২০২১ ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[২] প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৪/প্রশাসন/১২৪, তারিখ, ৩০ জুন ২০২১ ইং এর দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে, যাহা আগস্ট ২৪, ২০২১ ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[৩] প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৪/প্রশাসন/১২৪, তারিখ, ৩০ জুন ২০২১ ইং এর দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে, যাহা আগস্ট ২৪, ২০২১ ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[৪] প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৪/প্রশাসন/১২৪, তারিখ, ৩০ জুন ২০২১ ইং এর দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে, যাহা আগস্ট ২৪, ২০২১ ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[৫] প্রজ্ঞাপন নং -এসইসি/সিএমআরসিডি/২০০১-০০২/১২২/প্রশাসন/৩৮ তারিখ, ফেব্রুয়ারি ০৯, ২০১২ এর মাধ্যমে সংযোজিত হইয়াছে, যাহা মার্চ ০৫, ২০১২ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[৬] প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৪/প্রশাসন/১২৪, তারিখ, ৩০ জুন ২০২১ ইং এর দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে, যাহা আগস্ট ২৪, ২০২১ ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[৭] প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৪/প্রশাসন/১২৪, তারিখ, ৩০ জুন ২০২১ ইং এর দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে, যাহা আগস্ট ২৪, ২০২১ ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[৮] বাংলাদেশে গেজেটে ১৩ই এপ্রিল, ২০০৫ইং তারিখে প্রকাশিত প্রজ্ঞাপন নং -এসইসি/সিএমআরসিডি/ ২০০১-০০২/৩৬৬/প্রশাসন/০১-২৪ তারিখ ২রা নভেম্বর ২০০৪ইং এর মাধ্যমে প্রতিস্থাপিত হইয়াছে;

[৯] প্রজ্ঞাপন নং -এসইসি/সিএমআরসিডি/২০০১-০০২/৭৪/প্রশাসন-০১/৩৫ তারিখ ১৪ আগষ্ট ২০০৮ইং এর মাধ্যমে প্রতিস্থাপিত হইয়াছে, যাহা নভেম্বর ১৮, ২০০৮ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

৯। **ডুপ্লিকেট নিবন্ধন সনদ ইস্যুকরণ**।- (১) কোন নিবন্ধন সনদ হারাইয়া বা খোয়া গেলে বা নষ্ট বা ব্যবহারের অনুপযুক্ত হইয়া গেলে, কমিশন, নিম্নলিখিত শর্ত এবং পদ্ধতি পালন সাপেক্ষে, উহার ডুপ্লিকেট কপি সংশ্লিষ্ট স্টক ডিলার, স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধিকে সরবরাহ করিতে পারিবে, যথা ঃ-

(ক) নিবন্ধন সনদ হারাইয়া গেলে বা খোয়া গেলে, সংশ্লিষ্ট স্টক ডিলার, স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি বিষয়টি থানায় সাধারণ ডাইরীতে লিপিবদ্ধ করাইবেন এবং তৎপর একটি দৈনিক পত্রিকায় হারানো বা খোয়া যাওয়ার বিষয়টি উল্লেখ পূর্বক নিবন্ধন সনদটি ফেরত দানের অনুরোধ সম্বলিত একটি বিজ্ঞপ্তি প্রকাশ করিবেন ;

(খ) দফা (ক) অনুসারে বিজ্ঞপ্তি প্রকাশের এক সপ্তাহ পরে ডুপ্লিকেট সনদ ইস্যুর আবেদন জানাইয়া সংশ্লিষ্ট স্টক ডিলার, স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি কমিশনের নিকট একটি দরখাস্ত করিবেন এবং উক্ত দরখাস্তের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিবেন, যথা ঃ-

(গ) কমিশন বরাবরে [১][দশ হাজার টাকার] ফিস জমাকরণের একটি ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ;

(ঘ) নিবন্ধন সনদ হারাইয়া বা খোয়া যাওয়ার ক্ষেত্রে, দফা (ক) তে উল্লেখিত সাধারন ডাইরীর সত্যায়িত নকল এবং বিজ্ঞপ্তির অনুলিপি; এবং

(ঙ) নিবন্ধন সনদ নষ্ট বা ব্যবহারের অনুপযুক্ত হওয়ার ক্ষেত্রে,
সনদের অবশিষ্ট অংশ (যদি থাকে)।

(২) উপ-বিধি (১) অনুসারে দাখিলকৃত দরখাস্ত সম্পর্কে সন্তুষ্ট হইলে কমিশন উহা প্রাপ্তির পনের দিনের মধ্যে সংশ্লিষ্ট রেজিস্টার এবং অন্যান্য তথ্যাদির ভিত্তিতে ডুপ্লিকেট নিবন্ধন সনদ ইস্যু করিবে, অন্যথায় উক্ত সময়ের মধ্যে লিখিত কারণ উল্লেখ পূর্বক উহা নামঞ্জুরের সিদ্ধান্ত দরখাস্তকারীকে জানাইয়া দিবে।

১০। **রেজিস্টার**।- কমিশন ও সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ বিধি ৫ এর অধীন প্রদত্ত সনদ, বিধি ৮ এর অধীন নবায়নকৃত সনদ এবং বিধি ৯ এর অধীন প্রদত্ত ডুপ্লিকেট সনদ সংক্রান্ত মৌলিক তথ্যাদি একটি রেজিস্টারে লিপিবদ্ধ করিবে।

১১। **সনদপ্রাপ্ত ব্যক্তির কর্তব্য**।- প্রত্যেক স্টক ডিলার, স্টক ব্রোকার এবং অনুমোদিত প্রতিনিধি সর্বোচ্চ সততা ও বিশ্বস্ততার সহিত তাহার কাজকর্ম পরিচালনা করিবেন এবং আইন, অধ্যাদেশ, এই বিধিমালা এবং দ্বিতীয় তফসিলে বিধৃত আচরণ বিধিসহ নিবন্ধন সনদের সকল শর্তাবলী যাথাযথভাবে পালন করিবেন।

১২। **নিবন্ধন সনদ বাতিল, স্থগিতকরণ, ইত্যাদি**।- (১) উপ-বিধি (৬) এর বিধানাবলী ক্ষুন্ন না করিয়া, কোন স্টক ডিলার, স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি বিধি ৪ অনুসারে তাহার যোগ্যতা হারাইলে, বা আইন, অধ্যাদেশ বা এই বিধিমালার কোন বিধান বা নিবন্ধন সনদের কোন শর্ত ভঙ্গ করিলে, বা দ্বিতীয় তফসিলে বিধৃত কোন আচরণবিধি অমান্য করিলে, কমিশন তাহার সনদ বাতিল [২][কিংবা তাহাকে আইনের অধীনে অর্থদন্ডে দন্ডিত] করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, যোগ্যতা হারাইবার ক্ষেত্র ব্যতীত অন্য কোন ক্ষেত্রে কমিশন, উপযুক্ত বিবেচনা করিলে, সনদ বাতিল না করিয়া অনধিক এক বছরের জন্য উহার কার্যকারিতা স্থগিত করিতে পারিবেঃ

[৩][আরও শর্ত থাকে যে, এই উপ-বিধির অধীন অর্থ দন্ড আরোপ বা কোন সনদ বাতিল বা স্থগিত করার পূর্বে কমিশন অর্থ দন্ড বা বাতিল বা স্থগিত আদেশ এর কারণ উল্লেখ করিয়া সংশ্লিষ্ট স্টক ডিলার, স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধিকে অন্ততঃ দশ দিনের একটি নোটিশ প্রদানপূর্বক তাহার বক্তব্য লিখিতভাবে উপস্থাপনের সুযোগ প্রদান করিবে।]

(২) উপ-বিধি (১) এর অধীন নোটিশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট স্টক ডিলার, স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি তাহার বক্তব্য নোটিশে নির্ধারিত সময়ের মধ্যে উপস্থাপন করিলে কমিশন উক্ত বক্তব্য এবং উপ-বিধি (৩) এর অধীন দাখিলকৃত তদন্ত প্রতিবেদন বিবেচনাক্রমে, এবং প্রয়োজনবোধে তাহাকে ব্যক্তিগত বা প্রতিনিধির মাধ্যমে শুনানীর

---

[১] প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৪/প্রশাসন/১২৪, তারিখ, ৩০ জুন ২০২১ ইং এর দ্বারা "এক হাজার টাকা" শব্দগুলি "দশ হাজার টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে, যাহা আগস্ট ২৪, ২০২১ ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[২] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০১-০০২/প্রশাসন/০৩-১৭, তারিখ ৯ জানুয়ারি, ২০০৬ এর মাধ্যমে সংশোধিত হইয়াছে, যাহা এপ্রিল ৫, ২০০৬ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে;

[৩] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০১-০২/প্রশাসন-১৪, তারিখ ১২ই মে ২০০২ এর মাধ্যমে প্রতিস্থাপিত হইয়াছে, যাহা জুন ০৪, ২০০২ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

সুযোগ প্রদান করিয়া, প্রস্তাবিত [1][অর্থদন্ড, সনদ] বাতিল কিংবা স্থগিতকরণ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং সিদ্ধান্তটি লিখিতভাবে জানাইয়া দিবে।

(৩) এই বিধির অধীন সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে কমিশন প্রয়োজন মনে করিলে এক বা একাধিক তদন্তকারী নিয়োগ করিতে পারিবে এবং এইরূপ তদন্তকারী কমিশনের নির্দেশ অনুসারে তদন্ত কার্য সম্পন্ন করিয়া একটি প্রতিবেদন দাখিল করিবে।

(৪) তদন্তকারী সংশ্লিষ্ট স্টক ডিলার, স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি এবং অন্যান্য ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করিতে সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষা করিতে এবং প্রয়োজনবোধে উহার নকল লইতে পারিবে, এবং এই ব্যাপারে সংশ্লিষ্ট সকলে তদন্তকারীকে সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

(৫) এই বিধির অধীন কোন নিবন্ধন সনদ বাতিল কিংবা স্থগিত করা হইলে উক্ত সিদ্ধান্তের একটি অনুলিপি সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জে প্রেরণ করিতে হইবে এবং বিষয়টি বিধি ১০ এ উল্লিখিত রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে।

(৬) কমিশন কোন বিশেষ ক্ষেত্রে যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, উপ-বিধি (১) এর অধীন কোন সিদ্ধান্ত গ্রহনের পূর্বেই কোন নিবন্ধন সনদের কার্যকারিতা স্থগিত করা প্রয়োজন তাহা হইলে, উপ-বিধি (১) এর শর্তাংশ অনুসারে নোটিশ জারীর পূর্বে বা পরে যে কোন সময় তাৎক্ষণিক শুনানী দিয়া অনধিক ত্রিশ দিনের জন্য উক্ত সনদের কার্যকারিতা স্থগিত করিতে পারিবে, এবং তাহা করা হইলে বিষয়টি সম্পর্কে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জকে লিখিতভাবে অবহিত করিবে।

(৭) উপ-বিধি (১) বা (৬) এর অধীন কোন নিবন্ধন সনদের কার্যকারিতা স্থগিত করা হইলে সংশ্লিষ্ট স্টক ডিলার বা স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি উক্ত সনদের ভিত্তিতে কোন কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না।

১৩। **স্টক ডিলার বা স্টক ব্রোকার এর হিসাব বহি, নথিপত্র ইত্যাদি।-** (১) প্রত্যেক স্টক ডিলার বা স্টক ব্রোকার অধ্যাদেশ বা উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত হিসাব বহি, রেজিস্টার ও অন্যান্য কাগজপত্র বা দলিলাদির অতিরিক্ত নিম্নবর্ণিত হিসাব বহি, নথিপত্র, রেজিস্টার ও দলিলাদি সংরক্ষণ করিবে, যথা ঃ-

(ক) মক্কেলগণের নাম, ঠিকানা এবং সংশ্লিষ্ট কোড নম্বর সম্বলিত রেজিস্টার;

(খ) সিকিউরিটি ক্রয়-বিক্রয় সংক্রান্ত নিম্মোক্ত রেজিস্টারসমূহ-

(অ) হাওলা বা চুক্তিভিত্তিক রেজিস্টার,

(আ) সিকিউরিটিভিত্তিক রেজিস্টার,

(ই) মক্কেল ভিত্তিক রেজিস্টার;

(২) কম্পিউটারের মাধ্যমে হিসাব বহি, রেজিস্টার ও অন্যান্য দলিলাদি সংরক্ষণ করিলে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষরযুক্ত উহাদের একটি করিয়া মুদ্রিত কপি (hard copy) সর্বদা সংরক্ষণ করিতে হইবে।

(৩) কোন স্টক ডিলার বা স্টক ব্রোকারের অধীন কোন অনুমোদিত প্রতিনিধি থাকিলে উহা উপ-বিধি (১) এ উল্লিখিত হিসাব বহি, রেজিস্টার এবং দলিলপত্র ছাড়াও নিম্নবর্ণিত দলিলাদি সংরক্ষণ করিবেন ঃ-

(ক) অনুমোদিত প্রতিনিধির নাম ও ঠিকানা সম্বলিত তালিকা ;

(খ) অনুমোদিত প্রতিনিধির দায়িত্ব এবং কাজের পরিধি সম্বলিত চুক্তিপত্র ।

[2][(৪) প্রত্যেক স্টক ডিলার বা স্টক ব্রোকার কর্তৃক উহার ক্ষেত্রে প্রযোজ্য প্রত্যেক অর্থ বৎসরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী উক্ত অর্থ বৎসর শেষ হইবার চার মাসের মধ্যে সংশ্লিস্ট স্টক এক্সচেঞ্জের মাধ্যমে কমিশনের নিকট দাখিল করিতে হইবে, তবে উক্ত সময়সীমা কমিশন, সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের সুপারিশ সাপেক্ষে, বর্ধিত করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, সনদ প্রাপক যদি একাধিক স্টক এক্সচেঞ্জের সদস্য হয় তাহা হইলে প্রত্যেক স্টক এক্সচেঞ্জে উহার কারবার সম্পর্কীয় হিসাব পৃথকভাবে হিসাব বিবরণীতে উল্লেখ করিতে হইবেঃ

আরও শর্ত থাকে যে, সনদমূলে অনুমোদিত কার্যাদি সংক্রান্ত তথ্যাদি ব্যতিরেকে অন্য কোন তথ্য হিসাব বিবরণীতে অন্তর্ভূক্ত করা যাইবে না। তবে, ব্যাংক, বীমা বা আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্তরূপ তথ্য পৃথকভাবে দেখানো যাইতে পারে।]

---

[1] প্রজ্ঞাপন নং- এসইসি/সিএমআরআরসিডি/২০০১-০০২/প্রশাসন/০৩-১৭ তারিখ ৯ জানুয়ারি, ২০০৬ ইং এর দ্বারা সন্নিবেশিত হয়াছে, যাহা বাংলাদেশ গেজেটে এপ্রিল ৫, ২০০৬ইং তারিখে প্রকাশিত হইয়াছে।

[2] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০১-০২/প্রশাসন-১৪, তারিখ ১২ই মে ২০০২ এর মাধ্যমে প্রতিস্থাপিত হইয়াছে, যাহা জুন ০৪, ২০০২ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

(৫) কমিশন এই বিধির অধীন রক্ষণীয় হিসাব বহি, রেজিস্টার এবং অন্যান্য দলিলাদি সংরক্ষণ এবং আর্থিক হিসাব বিবরনী প্রস্তুতকরণের পদ্ধতি সময় সময় আদেশ দ্বারা নির্ধারণ করিতে পারিবে।

(৬) এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, কমিশন প্রয়োজন বোধ করিলে, কোন স্টক-ডিলার বা স্টক ব্রোকারের হিসাব নিরীক্ষার জন্য একজন বিশেষ নিরীক্ষক নিয়োগ করিতে পারিবে যাহার খরচ উক্ত স্টক ডিলার বা স্টক ব্রোকার বহন করিবে। বিশেষ নিরীক্ষক তাহার নিয়োগ পত্রে উল্লেখিত নির্ধারিত সময়ের মধ্যে কমিশনের নিকট নিরীক্ষা রিপোর্ট পেশ করিবেন।

১৪। **হিসাব বহি ইত্যাদি সংরক্ষণের মেয়াদ**।-বিধি ১৩ তে উল্লিখিত হিসাব বহি, রেজিস্টার, চুক্তিপত্র এবং অন্যান্য দলিলপত্র অন্যূন সাত বৎসর যাবৎ সংরক্ষণ করিতে হইবে।

১৫। **স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধির বিষয়াবলী পরিদর্শন**।-আইনের অধীন কোন স্টক ডিলার, স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি তাহার দায়িত্ব এবং কার্যাবলী সম্পাদন করিতেছেন কিনা এবং এই বিধিমালার বিধানাবলী পালিত হইতেছে কিনা তাহা নিশ্চিতকরণের উদ্দেশ্যে কমিশন, নিজ উদ্যোগে, অথবা তৎকর্তৃক প্রাপ্ত কোন অভিযোগ বা তথ্যের ভিত্তিতে প্রয়োজন মনে করিলে, যে কোন স্টক ডিলার, স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধির হিসাব বহি, রেজিস্টার এবং অন্যান্য দলিলপত্র পরিদর্শন করিতে পারিবে এবং এতদুদ্দেশ্যে উহার অধীনস্ত যে কোন ব্যক্তি বা অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে পরিদর্শক হিসাবে নিয়োগ করিতে পারিবে।

১৬। **পরিদর্শনের পদ্ধতি ইত্যাদি**।-(১) বিধি ১৫ এর অধীন নিযুক্ত কোন পরিদর্শক কমিশন কর্তৃক নির্দেশিত কোন বিষয় পরিদর্শনের উদ্দেশ্যে অন্যূন তিন দিনের নোটিশ প্রদান করিয়া, অথবা জরুরী বিবেচিত হইলে কোন নোটিশ প্রদান ছাড়াই, পরিদর্শন কার্যক্রম গ্রহন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন পরিদর্শন কার্যক্রম গ্রহন করা হইলে সংশ্লিষ্ট স্টক ডিলার, স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি পরিদর্শকের চাহিদা মোতাবেক সকল হিসাব বহি, রেজিস্টার এবং অন্যান্য সকল দলিলপত্র এবং সংশ্লিষ্ট তথ্যাদি সরবরাহ করিতে এবং পরিদর্শন কার্য সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্তে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানে বাধ্য থাকিবেন।

(৩) পরিদর্শক কমিশনের নিকট হইতে পরিদর্শনের নির্দেশ প্রাপ্তির পর ত্রিশ কার্যদিবসের মধ্যে পরিদর্শন সমাপ্ত করিবেন এবং পরিদর্শনের প্রাপ্ত ফলাফল একটি প্রতিবেদন আকারে কমিশনের নিকট দাখিল করিবেন; তবে প্রয়োজনে উক্ত সময়সীমা কমিশন বৃদ্ধি করিতে পারিবে।

(৪) কমিশন উক্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অথবা প্রয়োজনবোধে অধিকতর পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করিবে এবং বিধি ১৫তে উল্লিখিত অভিযোগকারীসহ সংশ্লিষ্ট সকলকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবহিত করিবে।

১৭। **আপীল**।- (১) কোন স্টক ডিলার, স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি এই বিধিমালার অধীন প্রদত্ত কোন আদেশ দ্বারা সংক্ষুব্ধ হইলে তিনি উক্ত আদেশ প্রাপ্তির পনের দিনের মধ্যে কমিশনের নিকট আপীল দায়ের করিতে পারিবেন।

(২) উক্ত আপীল ফরম ঙ-তে কমিশন বরাবরে [১][এক হাজার টাকা] ফিস জমাকরণের ব্যাংক ড্রাফট বা পে- অর্ডারসহ দাখিল করিতে হইবে।

(৩) ফরম ঙ-তে উল্লেখিত তথ্যাদির অতিরিক্ত তথ্যাদির প্রয়োজন হইলে তাহা অতিরিক্ত কাগজে লিপিবদ্ধ করিয়া দাখিল করা যাইবে এবং আপীলে উপস্থাপিত বক্তব্যের সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করা যাইবে।

(৪) কমিশন আপীল বিবেচনার সুবিধার্থে আপীলকারীকে ব্যক্তিগতভাবে বা প্রতিনিধির মাধ্যমে শুনানীর সুযোগ দিতে পারিবে এবং আপীলকারী বা তাহার প্রতিনিধির নিকট হইতে প্রয়োজনীয় কাগজপত্র বা তথ্য তলব করিতে পারিবে।

(৫) কমিশন আপীলের দরখাস্ত প্রাপ্তির ত্রিশ কার্য দিবসের মধ্যে আপীলটি নিস্পত্তিক্রমে উহার সিদ্ধান্ত আপীলকারীকে জানাইয়া দিবে।

---

[১] প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৪/প্রশাসন/১২৪, তারিখ, ৩০ জুন ২০২১ ইং এর দ্বারা "একশত টাকা" শব্দগুলি "এক হাজার টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে, যাহা আগস্ট ২৪, ২০২১ ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

(৬) আপীলে প্রদত্ত সিদ্ধান্ত অনুসারে কোন স্টক ডিলার, স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধির সনদ বাতিল কিংবা স্থগিত হইলে উক্ত সিদ্ধান্তের একটি অনুলিপি সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জকে প্রদান করিতে হইবে।

(৭) বিধি ১২(১) বা ১২(৭) এর অধীন নিবন্ধন সনদের কার্যকারিতা স্থগিত করা হইলে আপীল নিস্পত্তি না হওয়া পর্যন্ত নিবন্ধন সনদের কার্যকারিতা সম্পর্কিত স্থগিতাদেশ বহাল থাকিবে।

১৮। **পুনঃ বিবেচনা**।- বিধি ১৭ এর অধীন প্রদত্ত সিদ্ধান্ত কমিশন স্বীয় উদ্যোগে বা সংশ্লিষ্ট ব্যক্তির আবেদনের ভিত্তিতে পুনঃ বিবেচনা করিতে পারিবে এবং এই ক্ষেত্রে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

১৯। **স্টক ডিলার বা স্টক ব্রোকারের সনদ বাতিলের ক্ষেত্রে অধীনস্ত অনুমোদিত প্রতিনিধির অবস্থান**।- এই বিধিমালার অধীন কোন স্টক ডিলার বা স্টক ব্রোকারের সনদ বাতিল বা স্থগিত করা হইলে তাহার অধীনস্ত কোন অনুমোদিত প্রতিনিধি উক্ত স্টক ডিলার বা স্টক ব্রোকারের পক্ষে সিকিউরিটি ক্রয়-বিক্রয় ও এতদসংক্রান্ত কার্যাদি করিতে পারিবেন না।

২০। **নোটিশ ইত্যাদি জারীকরণ**।- এই বিধিমালার অধীন কোন নোটিশ জারীর প্রয়োজন হইলে বা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে কোন আদেশ বা অন্য কিছু সম্পর্কে অবহিত করার প্রয়োজন হইলে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধির নিকট নোটিশ জারী করা যাইবে বা সংশ্লিষ্ট বিষয় অবহিত করা যাইবে; অন্যথায় উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের, বা তাহার বা উহার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির, সর্বশেষ জানা ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে বা বিশেষ বাহক বা কুরিয়ার সার্ভিস মারফত, অথবা প্রয়োজনে সংবাদ পত্রের মাধ্যমে, উক্ত নোটিশ জারী বা সংশ্লিষ্ট বিষয় অবহিত করা যাইবে।

২১। **কতিপয় স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি সম্পর্কে বিশেষ বিধান**।-(১) এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, উহা প্রবর্তনের পূর্বে-

(ক) নিবন্ধিত কোন কোম্পানী বা বিধিবদ্ধ সংস্থা নহে এমন স্টক ডিলার ও স্টক ব্রোকারগণও, এই বিধিমালা মোতাবেক সনদ নবায়ন সাপেক্ষে তাহাদের ব্যবসা চালাইয়া যাইতে পারিবে, এবং, এই বিধিমালার অধীন অন্য কোন অযোগ্যতা না থাকিলে তাহারা কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থা নহে কেবলমাত্র এই কারণে তাহাদের সনদ নবায়ন দরখাস্ত নামঞ্জুর করা হইবেনা ঃ

[১][ [২][তবে শর্ত থাকে যে, তাহাদিগকে সর্বশেষ ৩১শে ডিসেম্বর, ২০০৬ইং এর মধ্যে কোম্পানীতে রূপান্তরিত হইতে হইবে।]

[৩][ আরও শর্ত থাকে যে, রূপান্তরিত কোম্পানীতে ন্যূনতম ৫১% শেয়ার বিদ্যমান ব্যক্তিমালিকানার স্টক ডিলার বা স্টক ব্রোকারের পারিবারিক সদস্য (কেবলমাত্র নিজে, স্বামী, স্ত্রী, পিতা, মাতা, পুত্র, কন্যা, জামাতা অথবা পুত্রবধু) কর্তৃক ধারণ করা হইলে সেইক্ষেত্রে উক্ত স্টক ডিলার বা স্টক ব্রোকার কর্তৃক কোম্পানীতে রূপান্তরকালীন সময়ে উহার কার্যক্রম, সংশ্লিষ্ট সনদের মেয়াদ বহাল থাকা সাপেক্ষে, পরিচালনায় কোন বাধা থাকিবে না।]

(খ) কোন স্টক ডিলার বা স্টক ব্রোকার কর্তৃক নিযুক্ত কোন অনুমোদিত প্রতিনিধি, তাহার নিয়োগ বলবৎ থাকা সাপেক্ষে, ৩০শে জুন, ২০০১ সন পর্যন্ত তাহার কার্যক্রম চালাইয়া যাইতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, উক্ত মেয়াদের মধ্যে এই বিধিমালা মোতাবেক নিবন্ধিত না হইলে উক্ত মেয়াদান্তে তিনি অনুমোদিত প্রতিনিধি হিসাবে আর কার্যক্রম চালাইতে পারিবেন না।

[৪][**২১ক। কমিশনের অনুকূলে ফি, ইত্যাদি জমা প্রদান**।—বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অনুকূলে বিভিন্ন প্রকার ফি, ইত্যাদি পে-অর্ডার, ব্যাংক ড্রাফট অথবা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করা যাইবে।]

---

[১] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০১-০২/প্রশাসন-১৪, তারিখ ১২ই মে ২০০২ এর মাধ্যমে প্রতিস্থাপিত হইয়াছে, যাহা জুন ০৪, ২০০২ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[২] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৯/প্রশাসন-০৩-২৫, তারিখ ২০ আগষ্ট, ২০০৬ এর মাধ্যমে প্রতিস্থাপিত হইয়াছে, যাহা বাংলাদেশ গেজেটে ২৬শে নভেম্বর ২০০৬ইং তারিখে প্রকাশিত হইয়াছে।

[৩] বাংলাদেশে গেজেটে ১৩ই এপ্রিল, ২০০৫ইং তারিখে প্রকাশিত প্রজ্ঞাপন নং -এসইসি/সিএমআরসিডি/২০০১-০০২/৩৬৬/প্রশাসন/০১-২৪ তারিখ ২রা নভেম্বর ২০০৪ইং এর মাধ্যমে সন্নিবেশিত হইয়াছে;

[৪] প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৪/প্রশাসন/১২৪, তারিখ, ৩০ জুন ২০২১ ইং এর মাধ্যমে সংযোজিত হইয়াছে, যাহা আগস্ট ২৪, ২০২১ ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

২২। **রহিতকরণ ও হেফাজত**।- (১) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) প্রবিধানমালা, ১৯৯৪, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরন সত্ত্বেও, রহিত প্রবিধানমালার অধীনকৃত কোন কাজ কর্ম, গৃহীত কোন ব্যবস্থা, প্রদত্ত কোন আদেশ, নির্দেশ বা নিবন্ধন সনদ, দায়েরকৃত কোন দরখাস্ত, আবেদনপত্র বা আপীল, জমাকৃত কোন ফিস, রক্ষিত কোন রেকর্ড বা দলিল দস্তাবেজ, পরিচালিত কোন তদন্ত, পেশকৃত কোন তদন্ত প্রতিবেদন বা জারীকৃত কোন নোটিশ এই বিধিমালার অধীন কৃত, গৃহীত, প্রদত্ত, দায়েরকৃত, জমাকৃত, রক্ষিত, পরিচালিত, পেশকৃত বা জারীকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

প্রথম তফসিল

(ফরমসমূহ)

**ফরম ক**

[সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ৫(১)(ক) দ্রষ্টব্য]

স্টক-ডিলার/স্টক-ব্রোকার হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য সিকিরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের নিকট দরখাস্ত

১। দরখাস্তকারীর নাম :

২। দরখাস্তকারীর ঠিকানা :

[ঠিকানা পরিবর্তিত হইলে উহা তিন কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ ও কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে]।

৩। দরখাস্তকারী যে স্টক এক্সচেঞ্জের সদস্য উহার
(ক) নাম ও ঠিকানা :
(খ) সদস্য হিসাবে কোড নং :
(গ) সদস্য হওয়ার তারিখ :

৪। দরখাস্তকারী কি হিসাবে সনদ প্রার্থী : স্টক-ডিলার/স্টক ব্রোকার
(অপ্রযোজ্যটি কাটিয়া দিন)

৫। দরখাস্তকারীর আইনগত মর্যাদা : কোম্পানী/সংবিধিবদ্ধ সংস্থা
(অপ্রযোজ্যটি কাটিয়া দিন)।

৬। দরখাস্তকারীর পক্ষে স্বাক্ষরকারী ব্যক্তির নাম :
ও প্রদত্ত ক্ষমতার বিবরণ
(ক্ষমতাপত্রের অনুলিপি দাখিল করুন)।

৭। দরখাস্তকারীর (ক) অফিসের ফোন/ফ্যাক্স :
টেলেক্স/ই-মেইল-
(খ) প্রধান নির্বাহীর বাসার ফোন/ফ্যাক্স/টেলেক্স/ই-মেইল-

৮। দরখাস্তকারী কোন কোম্পানী হইলে কোম্পানীর পরিচালকগনের নাম, ঠিকানা এবং অন্য যে সকল কোম্পানীতে/প্রতিষ্ঠানে মালিকানা বা ব্যবসায়িক সম্পর্ক রহিয়াছে তাহার বিবরণ। :

৯। দরখাস্তকারীর সিকিউরিটি ব্যবসায়ে অভিজ্ঞতা (যদি থাকে) :

১০। দরখাস্তকারীর নীট মূলধন স্থিতি (............তারিখে) :
[ নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিল করুন]

১১। দরখাস্তকারী কোন মার্চেন্ট ব্যাংকার, পোর্টফোলিও ম্যানেজার, মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি, হেফাজতকারী বা সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী কিনা? :

১২। দরখাস্তকারী বা উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য কোন সময় জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে দন্ডিত হইয়াছিল কি না? হইলে কখন, কোথায় এবং কোন অপরাধে? :

১৩। দরখাস্তকারী বা উহার পরিচালক মন্ডলীর কোন সদস্য কোন সময় আদালত কর্তৃক দেউলিয়া বা বিকারগ্রস্থ বলিয়া ঘোষিত হইয়াছিল কিনা? হইলে কখন, কোথায়? :

১৪। দরখাস্তকারী বা উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য কোন ব্যাংকের ঋণ খেলাপী কিনা? হইলে কোন ব্যাংক এবং কত টাকা? :

১৫। দরখাস্তকারীর অনুমোদিত প্রতিনিধি (যদি থাকে) এর -

(ক) নাম
(খ) পিতার নাম
(গ) স্থায়ী ঠিকানা
(ঘ) বর্তমান ঠিকানা
(ঙ) অফিসের ঠিকানা
(চ) শিক্ষাগত যোগ্যতা

১৬। দরখাস্তকারীর কর্মচারীর সংখ্যা :

১৭। অন্যান্য তথ্যাদি :

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ও সঠিক।

তারিখ............................ ........................
দরখাস্তকারীর স্বাক্ষর

**স্টক এক্সচেঞ্জের সুপারিশ**

এই মর্মে প্রত্যায়ন করা যাইতেছে যে, উপরি-উক্ত দরখাস্তকারী.........................................................................(নাম লিখুন) অত্র...................... স্টক এক্সচেঞ্জের একজন সদস্য। উহার সদস্য কোড নং..................... এবং সদস্যভূক্তির তারিখ.............................. । স্টক ডিলার/স্টক ব্রোকার হিসাবে উহাকে সনদ প্রদানের জন্য সুপারিশ করা হইল।

................................
মুখ্য নির্বাহী কর্মকর্তা/সচিব

নাম...........................
পদবী ও সীল................
................স্টক এক্সচেঞ্জ

তারিখ:.......................
(অপ্রযোজ্য অংশ কাটিয়া দিন)।

**ফরম খ**

[সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ৫(১)(খ) দ্রষ্টব্য]।
অনুমোদিত প্রতিনিধি হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের নিকট দরখাস্ত।

| |
|---|
| স্টক ডিলার/স্টক-ব্রোকার কর্তৃক সত্যায়িত ছবি |

১। দরখাস্তকারীর নাম ঃ
২। দরখাস্তকারীর পিতার নাম ঃ

৩। দরখাস্তকারীর ঠিকানাঃ
টেলিফোন নং

[ঠিকানা পরিবর্তিত হইলে উহা তিন কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ ও কমিশনকে সংশ্লিষ্ট স্টক ডিলার/স্টক ব্রোকারের মাধ্যমে লিখিতভাবে অবহিত করিতে হইবে ]।

৪। দরখাস্তকারীর জন্ম তারিখ ও বয়সঃ

৫। দরখাস্তকারীর শিক্ষাগত যোগ্যতা ও পেশাগত প্রশিক্ষণ/ অভিজ্ঞতাঃ
(সনদের সত্যায়িত কপি সংযুক্ত করুন)।

৬। দরখাস্তকারীর -
(ক) সংশ্লিষ্ট স্টক ডিলার/স্টক ব্রোকারের নাম
(খ) তাহার সহিত সম্পাদিত চুক্তিপত্রের তারিখ ও মেয়াদ
(সংশ্লিষ্ট স্টক ডিলার/স্টক ব্রোকার কর্তৃক সত্যায়িত অনুলিপি দাখিল করুন)

৭। দরখাস্তকারী অনুমোদিত প্রতিনিধি হিসাবে নিয়োগ প্রাপ্তির তারিখ

৮। দরখাস্তকারী কোন সময় জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু-কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে কোন সময় দন্ডিত হইয়াছিল কিনা? হইলে কখন, কোথায় এবং কোন অপরাধে-

৯। অন্যান্য তথ্য

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য ও সঠিক।

........................
তারিখ............................. দরখাস্তকারীর স্বাক্ষর

**স্টক এক্সচেঞ্জের সুপারিশ**

এই মর্মে প্রত্যায়ন করা যাইতেছে, উপরিউক্ত দরখাস্তকারী ........................................................................ (নাম লিখুন) অত্র ............................................ স্টক এক্সচেঞ্জের স্টক-ডিলার/স্টক-ব্রোকার ..................................................................... (নাম লিখুন) ........................ কোড নং.............................. কর্তৃক নিযুক্ত একজন অনুমোদিত প্রতিনিধি। তাহাকে অনুমোদিত প্রতিনিধি হিসাবে সনদ প্রদানের জন্য সুপারিশ করা হইল।

তারিখঃ..................................
(অপ্রযোজ্য অংশ কাটিয়া দিন)।

মুখ্য নির্বাহী কর্মকর্তা/সচিব

নাম.................................
পদবী ও সীল
......................স্টক এক্সচেঞ্জ

**ফরম গ**

[সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ৫(৫) দ্রষ্টব্য]।

(কমিশনের মনোগ্রাম)

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন
স্টক-ডিলার/স্টক-ব্রোকার/অনুমোদিত প্রতিনিধি নিবন্ধন সনদ

নিবন্ধন ক্রমিক নং.............  সনদ প্রদানের তারিখ.......................

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫নং আইন) এর ধারা ১০(১) এ প্রদত্ত ক্ষমতাবলে এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ অনুসারে এতদ্বারা ......................................................... (নাম লিখুন) ......................................... ঠিকানা ....................................... কে একজন নিবন্ধিকৃত স্টক-ডিলার/স্টক-ব্রোকার/অনুমোদিত প্রতিনিধি হিসাবে এই নিবন্ধন সনদ প্রদান করা হইল। তিনি এই সনদে উল্লেখিত শর্তাধীনে সিকিউরিটি ক্রয়-বিক্রয় এবং এতদসংক্রান্ত কার্যাদি করিতে পারিবেন।

এই নিবন্ধন সনদ ...................... তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে এবং পরবর্তীতে উহা অত্র সনদে নির্দিষ্ট ছকে নবায়ন করা যাইবে।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

..................................................
সনদ প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষর
নাম : .........................................
পদবী ও সীল ................................

**সনদ নবায়ন**

(বিধি ৮(৪) দ্রষ্টব্য)

| যে তারিখ পর্যন্ত নবায়িত | পরিবর্তিত ঠিকানা, আইনগত মর্যাদা ইত্যাদি | কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সীল |
|---|---|---|
| ১. | | |

| | | |
|---|---|---|
| ২. | | |
| ৩. | | |
| ৪. | | |
| ৫. | | |
| ৬. | | |
| ৭. | | |
| ৮. | | |
| ৯. | | |
| ১০ | | |

(স্টক-ডিলার/স্টক-ব্রোকার/অনুমোদিত প্রতিনিধি এর নিবন্ধন সনদের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী)

**সনদের শর্তাবলী**

[1][১। সনদ প্রাপক এই সনদ বিক্রয়,দান,বন্ধক, লীজ বা অন্য কোনভাবে হস্তান্তর বা দায়বদ্ধ করিতে কিংবা অন্য কাহাকেও এই সনদের অধীনে সিকিউরিটি ক্রয়-বিক্রয় বা উহার কারবার করিতে দিতে পারিবেন না, এবং অন্য কেহ এই সনদের অধীন সিকিউরিটি ক্রয়-বিক্রয় বা উহার কারবার করিতে পারিবেন না।]

২। সনদ প্রাপক Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969), সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন), এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর অধীন কমিশন কর্তৃক সময় সময় প্রদত্ত বা জারীকৃত আদেশ বা নির্দেশ এবং এই সনদের সকল শর্ত মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

৩। সনদ প্রাপক উপরিউক্ত বিধিমালার বিধি ১৩ অনুসারে প্রয়োজনীয় হিসাব বহি, রেজিস্টার, নথিপত্র ও অন্যান্য দলিলাদি সংরক্ষণ করিবেন।

৪। সনদ প্রাপক তাহার বিষয়াবলী কমিশন কর্তৃক তদন্ত বা পরিদর্শনের ক্ষেত্রে তদন্তকারী বা পরিদর্শকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় দলিলাদি ও তথ্য সরবরাহ এবং যুক্তি সংগত সকল সহযোগিতা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

৫। সনদ প্রাপকের নিকট তাহার কোন মক্কেল কোন অভিযোগ উত্থাপন করিলে উক্ত অভিযোগ প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে প্রয়োজনীয় প্রতিকার গ্রহণের জন্য যুক্তিসংগত এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন এবং তৎসম্পর্কে মক্কেলকে অবহিত করিবেন।

৬। প্রতি ইংরেজী পঞ্জিকা বৎসরের ৩১ শে ডিসেম্বর পর্যন্ত প্রাপ্ত অভিযোগের প্রকৃতি ও সংখ্যা এবং তৎসম্পর্কে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে সনদ প্রাপক পরবর্তী ত্রিশ দিনের মধ্যে স্টক এক্সচেঞ্জ ও কমিশনের নিকট একটি প্রতিবেদন দাখিল করিবেন।

৭। স্টক-ডিলার বা স্টক-ব্রোকার যে স্টক এক্সচেঞ্জের সদস্য উহার সহিত সংশ্লিষ্ট আইন, বিধি, বিধান এবং অন্যান্য প্রযোজ্য শর্ত মানিয়া চলিবেন।

[1] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০১-০২/প্রশাসন-১৪, তারিখ ১২ই মে ২০০২ এর মাধ্যমে প্রতিস্থাপিত হইয়াছে, যাহা জুন ০৪, ২০০২ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[1][৮। স্টক ডিলার বা স্টক ব্রোকারের ব্যবস্থাপনায়, কাঠামোতে বা উহার আইনগত মর্যাদার কোন পরিবর্তন হইলে তাহা উক্ত পরিবর্তনের পনের কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের মাধ্যমে কমিশনকে লিখিতভাবে জানানোর জন্য সনদ প্রাপক তথা উহার পরিচালকমন্ডলীর সদস্যগণ দায়ী থাকিবেন।]

৯। স্টক-ডিলার এবং স্টক-ব্রোকার তাহার কাজকর্ম পরিচালনার জন্য প্রয়োজনীয় অফিস, সরঞ্জাম এবং লোকবলের ব্যবস্থা রাখিবেন।

১০। স্টক ডিলার বা স্টক ব্রোকার বিধি ১৩(৪) অনুসারে একটি আর্থিক হিসাব বিবরণী কমিশনের নিকট দাখিল করিবেন।

১১। স্টক ডিলার বা স্টক ব্রোকারকে উহার ক্ষেত্রে প্রযোজ্য প্রতি অর্থ বৎসরে সিকিউরিটি ক্রয়-বিক্রয় করিবেন।

**ফরম ঘ**

[সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার,স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ৮(১) দ্রষ্টব্য]

স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধির নিবন্ধন সনদের নবায়নের দরখাস্ত

১। স্টক ডিলার/ স্টক ব্রোকার/ অনুমোদিত প্রতিনিধির নাম ঃ

২। নিবন্ধন সনদের ক্রমিক নং ঃ

৩। সনদ প্রদান, সর্বশেষ নবায়ন ও মেয়াদ উত্তীর্ণের তারিখ ঃ

৪। পরিবর্তিত ঠিকানা (যদি থাকে) ঃ
(ক) স্থায়ী ঃ
(খ) বর্তমান ঃ
(গ) অফিস ঃ
(ঘ) টেলিফোন/ টেলেক্স/ ফ্যাক্স নং/ ই-মেইল ঃ

৫। স্টক ডিলার/ স্টক ব্রোকারের ক্ষেত্রে,প্রতিষ্ঠানের বৈশিষ্ট্যের ব্যাপারে কোন কাঠামোগত বা আইনগত পরিবর্তন হইলে উহার সংক্ষিপ্ত বর্ণনা ঃ

(কোন পরিবর্তন হইয়া থাকিলে উহা পরিবর্তনের অনুলিপিসহ তিন কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ ও কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে)

৬। অনুমোদিত প্রতিনিধির ক্ষেত্রে ,
যে স্টক ডিলার/স্টক ব্রোকারের অধীন কর্মরত

[1] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০১-০২/প্রশাসন-১৪, তারিখ ১২ই মে ২০০২ এর মাধ্যমে প্রতিস্থাপিত হইয়াছে, যাহা জুন ০৪, ২০০২ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

তাহার -

(ক) নাম ও কোড নং

(খ) ঠিকানা

(কোন পরিবর্তন হইয়া থাকিলে উহার পরিবর্তনের তিন কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ ও কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে)

আমি এই মর্মে ঘোষনা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞাণ ও বিশ্বাসমতে সত্য।

তারিখ ঃ -------------------- --------------------

দরখাস্তকারীর স্বাক্ষর

**স্টক এক্সচেঞ্জের সুপারিশ**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে ----------------------------------(নাম লিখুন) ঠিকানা ---------------------------------------------------- এই স্টক এক্সচেঞ্জের স্টক ডিলার /স্টক ব্রোকার নিযুক্ত একজন অনুমোদিত প্রতিনিধি।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন কর্তৃক তাহার নিবন্ধন সনদ নবায়নের জন্য সুপারিশ করা হইল।

তারিখ ঃ --------------------- ------------------------

বিঃ দ্রঃ অপ্রযোজ্য অংশগুলি কাটিয়া দিন। মূখ্য নির্বাহী কর্মকর্তা/সচিব

------------স্টক এক্সচেঞ্জ

**ফরম ৬**

[সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১৭ (২) ও ১৭ (৩) দ্রষ্টব্য]

**আপীলের ফরম**

১। আপীলকারীর নাম ও ঠিকানা :

২। আপীলকারীর নিবন্ধন সনদের ক্রমিক নং (যদি থাকে) :

৩। যে আদেশের বিরুদ্ধে আপীল করা যাইতেছে উহার নম্বর, তারিখ ও সংক্ষিপ্ত বিষয়বস্তু (আদেশের অনুলিপি সংযোজন করুন) :

৪। আপীলের যুক্তিসমূহ (সংক্ষেপে উল্লেখ করুন, প্রয়োজনবোধে অতিরিক্ত কাগজে লিখুন) :

৫। আপীলের সমর্থনে দাখিলকৃত কাগজপত্রের বিবরণ (কাগজপত্র দাখিল করিতে হইবে) :

৬। ব্যক্তিগত শুনানী চাহেন কি না :

৭। অতিরিক্ত কোন বক্তব্য (যদি থাকে) :

উপরি-উক্ত তথ্যাবলী এবং দাখিলকৃত কাগজপত্র আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

তারিখ : ........................ ........................
আপীলকারীর স্বাক্ষর

[1][ফরম-'চ'

[সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ৫(৩) দ্রষ্টব্য]

১। --------- তারিখে পরিশোধিত মূলধন [বিধি ৪(১)(গ)] (নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী সংযুক্ত করিতে হইবে) ঃ

২। ---------- তারিখে নীট সম্পদ (Net Worth) [বিধি ৪(১)(গ)] ঃ

৩। ------- তারিখে নীট ক্যাপিটাল ব্যালেন্স [Securities and Exchange Rules, 1987 এর সংশ্লিষ্ট বিধি দ্রষ্টব্য]

৪। তদারকী কর্তৃপক্ষ (Compliance Authority) এর নাম ও পদবী [বিধি ৪(১) (ছ) দ্রষ্টব্য] ঃ

৫। রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস কর্তৃক Memorandum and Articles of Association এর সত্যায়িত কপি সংযুক্ত হইয়াছে কি না? ঃ

৬। রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস কর্তৃক সত্যায়িত Return of Allotment of Shares (Form XV) সংযুক্ত হইয়াছে কি না? ঃ

৭। রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস কর্তৃক সত্যায়িত List of Directors (Form XII) সংযুক্ত হইয়াছে কি না? ঃ

৮। Affidavit সংযুক্ত হইয়াছে কি না? [বিধি ৪(১) (ঘ) ও ৪(১)(ঙ) এর স্বপক্ষে] ঃ

৯। বিধি ৪(১) (চ) অনুযায়ী স্টক এক্সচেঞ্জের প্রত্যায়নপত্র সংযুক্ত হইয়াছে কি না

১০। Credit Information Bureau (CIB) এর রিপোর্ট সংগ্রহের জন্য বাংলাদেশ ব্যাংক এর নির্ধারিত ফরম পূরণ সহ সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সংযুক্ত হইয়াছে কি না ঃ

---

[1] বাংলাদেশে গেজেটে ১৩ই এপ্রিল, ২০০৫ইং তারিখে প্রকাশিত প্রজ্ঞাপন নং -এসইসি/সিএমআরসিডি /২০০১-০০২/৩৬৬/প্রশাসন/০১-২৪ তারিখ ২রা নভেম্বর ২০০৪ইং এর মাধ্যমে সন্নিবেশিত হইয়াছে।

১১। স্টক এক্সচেঞ্জের সদস্য পদ হস্তান্তর সংক্রান্ত চুক্তিপত্র (Vendors Agreement) বিধি ৬(২) অনুযায়ী প্রস্তুত করা হইয়াছে কি না এবং সংশ্লিষ্ট সময়ের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণীতে উক্ত হস্তান্তর চুক্তিতে উল্লিখিত আর্থিক বিষয়াদি প্রতিফলিত হইয়াছে কি না ঃ

প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব

তারিখ : ...................... ............. স্টক এক্সচেঞ্জ লিঃ

ফরম-'ছ'

[সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ৮(৩) দ্রষ্টব্য]

(ক্রমিক নং ১ হইতে ৫ অনুমোদিত প্রতিনিধির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না)

১। ------------- তারিখে পরিশোধিত মূলধন [বিধি ৪(১) (গ)]। (নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী সংযুক্ত করিতে হইবে) ঃ

২। --------তারিখে নীট সম্পদ (Net Worth) [বিধি ৪(১)(গ)] ঃ

৩। ------- তারিখে নীট ক্যাপিটাল ব্যালেন্স [Securities and Exchange Rules, 1987 এর সংশ্লিষ্ট বিধি দ্রষ্টব্য]

৪। আবেদনকারী কর্তৃক তাহার গ্রাহকদিগকে ঋণ সুবিধা (Mergin Facilities) প্রদানের ক্ষেত্রে Margin Rules, 1999 পরিপালন হইতেছে কি না ঃ

৫। তদারকী কর্তৃপক্ষের (Compliance Authority) নাম ও পদবী [বিধি ৪(১) (ছ) দ্রষ্টব্য] এবং তিনি তার দায়িত্ব যথাযথ ভাবে পরিপালন করিতেছেন কি না ঃ

৬। আবেদনকারীর বিরুদ্ধে বিগত এক বছরে কোন শাস্তিমূলক/শৃংখলামূলক ব্যবস্থা গৃহীত হইলে উহার বিবরণ ঃ

৭। আবেদনকারী, তাহার জন্য প্রযোজ্য, সনদের শর্তাবলীসহ বিধিমালার দ্বিতীয় তফসিলে বর্ণিত আচরণ বিধি যথাযথভাবে পরিপালন করিতেছে কি না এবং তাহার কাগজপত্রাদিতে উহা প্রতিফলিত হইয়াছে কি না; না হইয়া থাকিলে উহার বিবরণ

প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব

তারিখ : ------------- ----------স্টক এক্সচেঞ্জ লিঃ]

## দ্বিতীয় তফসিল

[সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি **১১** দ্রষ্টব্য]

## স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধিদের আচরণ বিধি

### সকলের ক্ষেত্রে প্রযোজ্য আচরণ বিধি

১। **সততা, দক্ষতা ইত্যাদি**।- প্রত্যেক স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধিকে তাহার ব্যবসা ও এতদসংক্রান্ত কার্যাদি পরিচালনার ক্ষেত্রে সুনাম, দক্ষতা, বিশ্বস্ততা ও সততা বজায় রাখিতে হইবে।

২। **মক্কেলের প্রতি কর্তব্য**।- (১) প্রত্যেক স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি তাহার মক্কেলের সহিত কায়-কারবারের সময় বিশ্বস্ততার সহিত তাহাদের ফরমায়েস মোতাবেক মক্কেলের জন্য সর্বোত্তম বাজার দরে সিকিউরিটি ক্রয় বা বিক্রয় করিবেন।

(২) তিনি মক্কেলের প্রদত্ত সুনির্দিষ্ট তথ্য ভিত্তিক ফরমায়েস অনুসারে সিকিউরিটি ক্রয়-বিক্রয় এবং উহার কারবার করিবেন এবং মক্কেলের ফরমায়েস মোতাবেক ক্রয় বিক্রয় করিতে পারিলেন কি না তাহা যথাসময়ে লিখিতভাবে তাহাকে অবহিত করিবেন এবং কোন সিকিউরিটি বিক্রয় করিয়া থাকিলে বিক্রয় লব্ধ অর্থ মক্কেলকে যথাসময়ে পরিশোধ করিবেন এবং ক্রয় করিয়া থাকিলে ক্রয়কৃত সিকিউরিটি এবং সংশ্লিষ্ট চুক্তিপত্র উহা সম্পাদনের পর যথাসময়ে মক্কেলকে সরবরাহ করিবেন।

(৩) প্রত্যেক স্টক ডিলার, স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি তাহার মক্কেলের সহিত লেনদেনের ব্যাপারে মক্কেলকে সর্বপ্রকার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিবেন এবং তিনি জ্ঞাতসারে বা ইচ্ছাকৃতভাবে তাহার মক্কেলকে এমন কোন দলিল সরবরাহ করিবেন না যাহা কু-সরবরাহ (Bad delivery) রূপে পরিগণিত হয় এবং কোন ক্ষেত্রে এইরূপ দলিল সরবরাহ করা হইলে যথাশীঘ্র প্রয়োজীয়ন প্রতিকার গ্রহণ করিবেন।

(৪) প্রত্যেক স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি নির্ধারিত ফরমে প্রতিটি সিকিউরিটি স্ক্রিপওয়ারী (Scrip-wise) ক্রয় বা বিক্রয়ের চুক্তিপত্র মক্কেলকে সরবরাহ করিবেন এবং সকল লেনদেন সংক্রান্ত ব্যাপারে পরিশোধযোগ্য বিল এবং প্রাপ্তি ও তাহার দালালী পৃথকভাবে দেখাইয়া তাহার মক্কেলকে সরবরাহ করিবেন।

(৫) কোন স্টক ডিলার, স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি অন্য কোন ব্যক্তির নিকট তাহার মক্কেলের কোন তথ্য প্রকাশ করিবেন না বা মক্কেলের সহিত ব্যবসায়িক সম্পর্ক গড়িয়া উঠার সুবাদে জ্ঞাত তাহার ব্যক্তিগত বিনিয়োগ সংক্রান্ত তথ্যাবলীর অপব্যবহার করিবেন না; তবে প্রয়োজন বোধে মক্কেলের লেনদেন সংক্রান্ত তথ্যাদি সময়ে সময়ে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে সরবরাহ করিতে বাধ্য থাকিবেন।

(৬) কোন স্টক ডিলার, স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি কোন সিকিউরিটি লেন-দেনের জন্য গ্রহণ করার পূর্বে যাচাই পূর্বক উহার নির্ভেজালতা সম্পর্কে নিশ্চিত হইবেন, এবং কোন অবস্থাতেই ত্রুটিপূর্ণ (যাহার মধ্যে কোন প্রকার জাল, ভুয়া, বিতর্কিত, হারানো, অকার্যকর বা ত্রুটিপূর্ণ সিকিউরিটি অর্ন্তভূক্ত) সিকিউরিটির লেন-দেন করিবেন না বা করিতে কাহাকেও উৎসাহিত বা প্ররোচিত করিবেন না বা সহায়তা করিবেন না।

৩। **সঠিক তথ্য সরবরাহ ইত্যাদি**।- কোন স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি শুধুমাত্র দালালী বা কমিশন লাভের উদ্দেশ্যে কাহাকেও সিকিউরিটি ক্রয় বা বিক্রয় করিতে প্রলুব্ধ করিবেন না বা কোন মিথ্যা বা বিভ্রান্তিমূলক দরপত্র (Quotation) বা অন্য কোন মিথ্যা তথ্য সরবরাহ করিবেন না বা এমন কোন মিথ্যা বা বিভ্রান্তিমূলক তথ্য সরবরাহ করিবেন না যাহাতে কোন ব্যক্তি কোন বিশেষ সিকিউরিটি ক্রয় বা বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর করিতে প্রলুব্ধ হন।

৪। **বিনিয়োগের পরামর্শ**।- কোন স্টক ডিলার, স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি তাহার কোন মক্কেলকে সিকিউরিটি ক্রয় বা বিক্রয় বা সংরক্ষণের
জন্য কোন পরামর্শ দিবেন না যতক্ষণ পর্যন্ত না মক্কেলের আর্থিক পরিস্থিতি বিনিয়োগের উদ্দেশ্য ও সিকিউরিটি সংরক্ষণ সংক্রান্ত ব্যাপারে মক্কেল প্রদত্ত তথ্য হইতে ইহা প্রতীয়মান হয় যে, বিনিয়োগের সুপারিশ মক্কেলের জন্য সুবিধাজনক হইবে এবং এতদুদ্দেশ্যে তিনি যখনই যথোপযুক্ত মনে করিবেন তখনই মক্কেলের নিকট হইতে প্রয়োজনীয় তথ্য অনুসন্ধান করিবেন।

৫। **কমিশনের প্রতি দায়িত্ব**।- প্রত্যেক স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি কমিশন বা উহার ক্ষমতাপ্রদত্ত কোন কর্মকর্তার নির্দেশ অনুযায়ী দাখিলযোগ্য সকল হিসাব বহি, রেজিষ্টার, প্রতিবেদন, দলিল বা অন্যান্য কাগজপত্র দাখিল করিবেন এবং তদন্ত বা পরিদর্শনের ক্ষেত্রে তদন্তকারী বা পরিদর্শককে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিবেন এবং এই সকল ক্ষেত্রে তিনি কোন মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য বা কাগজপত্র দাখিল করিবেন না।

৬। **নিজ স্বার্থসিদ্ধির জন্য অপকৌশল প্রয়োগ নিষিদ্ধ**।- কোন স্টক ডিলার, স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি নিজ স্বার্থ সিদ্ধির জন্য কোন অপকৌশলের আশ্রয় লইতে পারিবেন না, কাহাকেও ঠকানো বা প্রবঞ্চনার উদ্দেশ্যে কোন লেনদেন করিতে পারিবেন না বা নিজ স্বার্থ সিদ্ধির উদ্দেশ্যে অথবা বাজারের ভারসাম্য বিনষ্ট করার উদ্দেশ্যে কোন গুজব ছড়াইতে বা কার্যক্রম পরিচালনা করিতে পারিবেন না।

৭। **কৃত্রিম বাজার সৃষ্টি নিষিদ্ধ**।- কোন স্টক ডিলার, স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি এককভাবে অথবা অন্যান্যদের সহিত সম্মিলিতভাবে কোন কৃত্রিম বাজার সৃষ্টি করিতে পারিবেন না যাহা সাধারণ বিনিয়োগকারীদের জন্য ক্ষতিকর হইবে অথবা বাজারের সুষ্ঠু ও অবাধ কার্যকারিতা বাধাগ্রস্থ করিবে।

৮। **সন্দেহজনক কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ**।- সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় ও লেনদেন সংক্রান্ত কোন প্রকার সন্দেহমূলক কার্যক্রম কোন স্টক ডিলার, স্টক ব্রোকার কিংবা অনুমোদিত প্রতিনিধির গোচরে আসার সাথে সাথেই তিনি উহা সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ ও কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে বাধ্য থাকিবেন।

## অনুমোদিত প্রতিনিধির ক্ষেত্রে প্রযোজ্য বিশেষ আচরণ বিধি

৯। **স্ক্রিপ (Scrip) ও মক্কেল-ওয়ারী বিভাজন**।- প্রত্যেক অনুমোদিত প্রতিনিধি তাহার উপরস্থ স্টক ব্রোকার বা স্টক ডিলারের নিকট হইতে যেভাবে বিভিন্ন একক ইউনিট (Denomination) স্ক্রিপ (Scrip) সরবরাহ পাইয়াছেন সেইভাবে তাহা স্ক্রিপ ওয়ারী (Scrip-wise) এবং মক্কেলওয়ারী বিভাজন করিবেন।

১০। প্রত্যেক অনুমোদিত প্রতিনিধি তাহার মক্কেলের সহিত কারবার করার সময় তাহাকে অবহিত করিবেন যে, তিনি একজন প্রতিনিধি হিসাবে কাজ করিতেছেন এবং তিনি যে স্টক ব্রোকার বা স্টক ডিলারের অধীনস্থ তাহার বিনা অনুমতিতে তাহার মক্কেলের ফরমায়েশ অনুযায়ী কোন ক্রয় বা বিক্রয় সমন্বিত করিতে পারিবেন না।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে

**মনির উদ্দিন আহমদ**
চেয়ারম্যান।